

শিশুদের কাছে বই-এর চেয়ে টিভি প্রিয়

(স্টাফ রিপোর্টার)

প্রাথমিক বিদ্যালয়ের ছেলে-মেয়েদের বইয়ের থেকে টেলিভিশনের প্রতি আসলিত বেশ। ছেলে-মেয়েদের মধ্যে ধারা টেলিভিশন দেখে তাদের মধ্যে শতকরা ২৭ দশমিক ৪৩ জন দুই ঘন্টা, শতকরা ২৭ দশমিক ৫৩ জন এক ঘণ্টাকে দুই ঘন্টা, শতকরা ১৬ (শেষ পৃঃ ৪-এর কঃ দঃ)

টিভি প্রিয়

(প্রথম পৃঃ পর)

দশমিক ৪৯ জন দুই ঘন্টার উধৈর এবং মধ্যে মধ্যে ভাল অনুস্থল হলে শতকরা ৩৬ দশমিক ৪৯ জন টেলিভিশন দেখে।

সম্প্রতি জাতীয় গৃন্থ কেন্দ্র পরিচালিত একটি সমীক্ষা থেকে এই তথ্য জন্ম গেছে। জাতীয় গৃন্থ কেন্দ্র পত বছর সেপ্টেম্বরে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পাঠ্যভাষ্যসম ওপর একটি নমুনা জরীপ চালায়। নিবৃত্তীয় শ্রেণী থেকে পঞ্চম শ্রেণীতে অধ্যয়নরত মেট ৭২৮ জন ছাত্র-ছাত্রীর ওপর সমীক্ষা চালিয়ে জন্ম ধারা, শতকরা ৫০ দশমিক ৫৮ জন ছাত্র-ছাত্রীই পাঠ্যবইয়ের বাইরে আর কেন বই পড়েন। ধারা পড়েছে তারও খুব অনিয়মিত পড়ুয়া। এই ক্ষেত্রে পড়ুয়াদের মধ্যে শতকরা ৩০ দশমিক ১৭ জনকে বই কিনে দিয়েছে তাদের বাবা-মা। আর পাঠ্যগার থেকে বই পেয়েছে মোট শতকরা ১৫ দশমিক ০৮ জন। উল্লেখ্য, ৮০টি গৃন্থ সহস্র সমিতির সহযোগিতায় সারা দেশে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পাঠ প্রবণতার ওপর সীমিত আকরণের এই নমুনা জরীপ চালানো হয়।

এতে দেখা গেছে, ক্ষেত্রে পড়ুয়ার পাঠ্যগার থেকে বই পায় না। বাবা-মা বই পড়তে নিষেধ না করলেও অধিকাংশ ক্ষেত্রে তারা ছেলে-মেয়েদের বই সংগ্রহ করে দেন না। বই কিনে দেন খুবই কম। তারা শিক্ষিত হলেও বাড়িতে নিজেরা তেমন বই-পত্র পড়েন না। তাদের ছেলে-মেয়েদের শতকরা প্রায় ১২ জন বন্ধুদের কাছ থেকে বই সংগ্রহ করে এনে পড়ে।

আরও জন্ম গেছে, ক্ষেত্রে পাঠকরা গ্রহে কিছু পড়ুয়া জিনিস থাকলে পড়ে। এদের শতকরা ৪৬

দশমিক ৩০ জনের গ্রহে খবরের কাগজ রাখা হয়। আর শতকরা ৩০ দশমিক ০৮ জন খবরের কাগজ পড়ে। ছাত্র-ছাত্রীদের শতকরা মোট ২৫ দশমিক ১৪ জনের সংগ্রহ অন্ধের পঁচাটি বই রয়েছে। এর বেশি বইয়ের সংগ্রহ রয়েছে মত কয়েকজনের। অর্থাৎ বই পড়ায় আগ্রহী করে তোলার অত নিজস্ব সংগ্রহ প্রসব পরিবারে নেই। শতকরা ১১ দশমিক ৪৫ জন বই উপহার হিসাবে পেয়েছে।

ছাত্র-ছাত্রীদের মধ্যে গৃন্থ শোনার আগ্রহ প্রবল। শতকরা ৭১ দশমিক ৭০ জন বাবা-মা ও নিকট আত্মীয়ের কাছ থেকে মুখ্যে মুখ্যে গৃন্থ শুনে থাকে। এয়া গৃন্থ পড়তেও প্রচুর আনন্দ পায়। তবে টেলিভিশন দেখায় ব্যাপারে এদের আগ্রহ বেশ লক্ষণীয়। শতকরা ৬৬ দশমিক ৬২ জন ক্ষেত্রে টিভি দর্শকের বেশির ভাগই নির্বাচিত দর্শক। এদের শতকরা ৩৪ দশমিক ২০ জনের গ্রহে কেউ সাহিতের বই পড়েন না।